নং. 21

<u>এক্সিকিউটিভ অর্ডার</u>

নিউ ইয়র্ক স্টেটে একটি দুর্যোগকালীন অবস্থা ঘোষণা

এটা বিবেচনা করে যে, প্যারালাইটিক পোলিওর একটি কেস, জুলাই 21, 2022-এ, রকল্যান্ড কাউন্টির এমন একজন টিকাকরণ না হওয়া বাসিন্দার মধ্যে শনাক্ত করা হয়েছিল, যিনি পোলিওর ইনকিউবেশন সময়কালে কোনো আন্তর্জাতিক ভ্রমণ করেন নি;

এটা বিবেচনা করে যে, যে পোলিওভাইরাসটি রকল্যান্ড কাউন্টির ব্যক্তিকে সংক্রামিত করেছিল সেটিকে ভ্যাকসিন থেকে উদ্‌ভূত পোলিওভাইরাস হিসাবে চিহ্নিত করা হয়েছে, যার সর্বশেষটি 1990 সালে নিউইয়র্কে সনাক্ত করা হয়েছিল;

এটা বিবেচনা করে যে, 2022 সালের এপ্রিল, মে, জুন, জুলাই এবং আগস্ট মাসে অরেঞ্জ, রকল্যান্ড এবং সুলিভান কাউন্টিগুলিতে সংগৃহীত বর্জ্য-জলের নমুনায় জিনগতভাবে সম্পর্কিত পোলিওভাইরাস সনাক্ত করা হয়েছে;

এটা বিবেচনা করে যে, 1979 সালে মার্কিন যুক্তরাষ্ট্রে পোলিও নির্মূল বলে ঘোষণা করা হয়েছিল, প্রাথমিকভাবে পোলিওর বিরুদ্ধে উচ্চ টিকাকরণ হারের কারণে;

এটা বিবেচনা করে যে, কোভিড-19 অতিমারী ব্যাপী সব বয়স জুড়ে পোলিওর বিরুদ্ধে রুটিন টিকাকরণ হার কমেছে এবং টিকা নিয়ে দ্বিধা বেড়েছে;

এটা বিবেচনা করে যে, নিউইয়র্কে 2 বছর বয়সী শিশুদের মধ্যে পোলিওর বিরুদ্ধে টিকাকরণের হার 78.96%, এবং এটি বেশ কয়েকটি কাউন্টি এবং জিপ কোডের তুলনায় উল্লেখযোগ্যভাবে কম;

এটা বিবেচনা করে যে, স্থানীয় স্বাস্থ্য বিভাগ সক্রিয়ভাবে তদন্ত সমর্থন, যোগাযোগ সনাক্তকরণ এবং পর্যবেক্ষণ, উন্মুক্ত পরিচিতির এবং কেন্দ্রিত বর্তমান উচ্চ-ঝুঁকিপূর্ণ জনসংখ্যার জন্য টিকা প্রশাসন এবং শিক্ষা ও প্রচারের মাধ্যমে পোলিওভাইরাস প্রাদুর্ভাবের প্রতিক্রিয়া জানাচ্ছে;

এটা বিবেচনা করে যে, স্টেট সরকারকে অবশ্যই মিউনিসিপ্যালিটি, এলাকাসমূহ এবং কাউন্টিগুলিকে পোলিওভাইরাসের জন্য টিকা ও পরীক্ষার সুবিধা প্রদান এবং পরিচালনার করার জন্য তাদের প্রচেষ্টায় এবং এই রোগের বিস্তার রোধ করার জন্য সমর্থন করতে হবে;

এখন, সেই কারণে, আমি, নিউইয়র্ক স্টেটের গভর্নর ক্যাথি হোকল, সংবিধান এবং নিউইয়র্ক স্টেটের আইন দ্বারা আমার উপর অর্পিত কর্তৃত্বের ভিত্তিতে, এতদ্বারা নির্বাহী আইনের অনুচ্ছেদ 2-B এর ধারা 28 অনুসারে উপলব্ধি করছি, যে নিউ ইয়র্ক স্টেটে একটি বিপর্যয় ঘটেছে, যার জন্য ক্ষতিগ্রস্ত স্থানীয় সরকারগুলি পর্যাপ্তভাবে প্রতিক্রিয়া জানাতে অক্ষম, এবং আমি এতদ্বারা অক্টোবর 9, 2022 পর্যন্ত সমগ্র নিউইয়র্ক স্টেটের জন্য একটি স্টেটব্যাপী দুর্যোগের জরুরি অবস্থা ঘোষণা করছি; এবং

তদুপরি, নির্বাহী আইনের অনুচ্ছেদ 2-B এর ধারা 29 অনুসারে, এতদ্বারা আমি স্টেটের ব্যাপক জরুরী ব্যবস্থাপনা পরিকল্পনা প্রয়োগের নির্দেশ দিচ্ছি এবং সমস্ত প্রয়োজনীয় স্টেট সংস্থাগুলিকে স্টেট এবং স্থানীয় সম্পত্তি রক্ষা করার জন্য

এই স্টেটব্যাপী দুর্যোগের জরুরি অবস্থাকে দমন, এর জন্য প্রস্তুতি, এর প্রতি প্রতিক্রিয়া জানাতে এবং এর থেকে পুনরুদ্ধারের জন্য স্থানীয় সরকার ও ব্যক্তিদের সহায়তা করতে যথাযথ পদক্ষেপ নেওয়ার জন্য এবং জনস্বাস্থ্য, কল্যাণ এবং নিরাপত্তা রক্ষার জন্য প্রয়োজনীয় এইরূপ অন্যান্য সহায়তা প্রদানের জন্য অনুমোদিত করছি।

তদতিরিক্ত, আমার উপর অর্পিত কর্তৃত্বের ভিত্তিতে, একটি স্টেটব্যাপী দুর্যোগের জরুরী অবস্থা চলাকালীন যেকোন সংস্থার কোনো সংবিধি, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, নিয়ম, বা প্রবিধান, বা এর অংশগুলি সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করার নির্বাহী আইনের অনুচ্ছেদ 2-B এর ধারা 29-a দ্বারা, এই ধরনের সংবিধি, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, নিয়ম বা প্রবিধান মেনে চলা দুর্যোগের জরুরি অবস্থা মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপগুলি নিতে প্রতিরোধ, বাধা বা বিলম্বিত করার ক্ষেত্রে বা এই ধরনের দুর্যোগ মোকাবেলায় সহায়তা বা সাহায্য করার প্রয়োজনে, আমি এতদ্বারা এই নির্বাহী আদেশের তারিখ থেকে অক্টোবর 9, 2022 পর্যন্ত নিম্নলিখিতগুলি সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করছি:

- জনস্বাস্থ্য আইন (Public Health Law) এর ধারা 3001 এর উপবিভাগ 6 এবং 7, ধারা 800.3 এর উপবিভাগ (o) এবং (p), এবং নিউ ইয়র্ক কোড, নিয়ম এবং প্রবিধানসমূহ (New York Codes, Rules and Regulations, NYCRR)-এর শিরোনাম 10-এর ধারা 800.15, যাতে প্রত্যয়িত জরুরী চিকিৎসা প্রযুক্তিবিদ-প্যারামেডিকস এবং উন্নত জরুরী চিকিৎসা পরিসেবাসমূহ (Emergency medical services, EMS) এর প্রদানকারীদের, স্বাস্থ্য বিভাগের পূর্বানুমোদন নিয়ে কমিউনিটি প্যারামেডিসিন পরিষেবা প্রদান করার জন্য, অ-জরুরী পরিবেশে ও অবস্থান সহ অ-রোগী নির্দিষ্ট আদেশ অনুসারে পোলিওভাইরাসের বিরুদ্ধে টিকা প্রদানের জন্য প্রয়োজনীয় পরিসরে অনুমতি দেওয়া যায়, এই শর্ত সাপেক্ষে যে জরুরী চিকিৎসা প্রযুক্তিবিদ-প্যারামেডিকস এবং উন্নত EMS প্রদানকারীদের প্রথমে স্বাস্থ্য কমিশনার দ্বারা নির্ধারিত শর্ত পূরণ করতে হবে;

- শিক্ষা আইন (Education Law) এর ধারা 6951, এবং NYCRR-এর শিরোনাম 8-এর ধারা 79-5.5, যত দূর পর্যন্ত এই ধরনের বিধানগুলি স্বাভাবিক গর্ভধারণ, শিশুর জন্ম এবং প্রসবোত্তর যত্নের পাশাপাশি প্রাথমিকভাবে সুস্থ মহিলাদের প্রাথমিক প্রতিরোধমূলক প্রজনন স্বাস্থ্য পরিচর্যায় ধাত্রীবিদ্যার অনুশীলনকে সীমাবদ্ধ করে, এবং নবজাতকের মূল্যায়ন, নবজীবনসঞ্চার এবং শিশুদের জন্য রেফারেল, যত্নের ব্যবস্থাপনায় সেই সকল ধাত্রীদের ধাত্রীবিদ্যার অনুশীলনকে যত দূর পর্যন্ত সীমাবদ্ধ করে, যারা লাইসেন্সপ্রাপ্ত চিকিৎসক বা হাসপাতালের সাথে সহযোগিতামূলক সম্পর্ক অনুসারে অনুশীলন করেন, যাতে এই দুর্যোগের জরুরী অবস্থার উদ্দেশ্যে, ধাত্রীরা লাইসেন্সপ্রাপ্ত চিকিৎসক, লাইসেন্সপ্রাপ্ত চিকিৎসক সহকারী, বা প্রত্যয়িত নার্স অনুশীলনকারীদের চিকিৎসা তত্ত্বাবধানে একটি অ-রোগী নির্দিষ্ট আদেশ অনুসারে যে কোনও রোগীকে পোলিওভাইরাসের বিরুদ্ধে টিকা দিতে পারেণ, তবে শর্ত থাকে যে, ইমিউনাইজিং এজেন্টদের পরিচালনার জন্য স্টেট শিক্ষা বিভাগ কর্তৃক জারি করা শংসাপত্র ছাড়া একজন ধাত্রীকে অবশ্যই স্বাস্থ্য কমিশনারের দ্বারা নির্ধারিত শর্ত পূরণ করতে হবে;

- শিক্ষা আইনের ধারা 6801-এর উপবিভাগ 2 এবং NYCRR-এর শিরোনাম 8-এর 63.9, যাতে একটি অ-রোগী নির্দিষ্ট আদেশ অনুসারে ফার্মাসিস্টদের পোলিওভাইরাসের বিরুদ্ধে টিকা দেওয়ার জন্য প্রয়োজনীয় পরিসরে অনুমতি দেওয়া যায়;

- শিক্ষা আইনের ধারা 6527-এর উপবিভাগ 6, জনস্বাস্থ্য আইনের ধারা 6909-এর উপবিভাগ 4 এবং NYCRR-এর শিরোনাম 8-এর ধারা 64.7, পোলিওভাইরাসের বিরুদ্ধে টিকা দেওয়ার জন্য নার্সদের বা আইন দ্বারা অথবা এই নির্বাহী আদেশ দ্বারা অনুমোদিত অন্য কোনও ব্যক্তিদেরকে একটি অ-রোগী নির্দিষ্ট নিয়ম জারি করার জন্য চিকিৎসক এবং প্রত্যয়িত নার্স অনুশীলনকারীদের প্রয়োজনীয় পরিসরে অনুমতি দেওয়ার জন্য; এবং

- জনস্বাস্থ্য আইনের ধারা 2168-এর উপবিভাগ 3 এবং NYCRR-এর শিরোনাম 10-এর ধারা 66-1.2, যাতে 19 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের পোলিওভাইরাস টিকা প্রদানকারী নিবন্ধিত নার্স, ধাত্রী, প্রত্যয়িত জরুরী চিকিৎসা প্রযুক্তিবিদ-প্যারামেডিকস, উন্নত EMS প্রদানকারী, ফার্মাসিস্ট, সহ স্বাস্থ্যসেবা প্রদানকারীদের নিউ ইয়র্ক স্টেট ইমিউনাইজেশন ইনফরমেশন, সিস্টেম (New York State Immunization Information System, NYSIIS)এ বা সিটিওয়াইড ইমিউনাইজেশন রেজিস্ট্রি (Citywide Immunization Registry, CIR)তে এই জাতীয় টিকা দেওয়া রিপোর্ট করার জন্য টিকা প্রদানের সম্মতি নেওয়া প্রয়োজন এর আবশ্যকতাকে প্রয়োজনীয় পরিসরে স্থগিত করা যায় এবং যেকোন ব্যক্তিকে (শিশু বা প্রাপ্তবয়স্কদের) সমস্ত পোলিওভাইরাস টিকা দেওয়ার 72 ঘন্টার মধ্যে NYSIIS বা CIR এর কাছে পোলিওভাইরাস টিকাকরণ প্রদান রিপোর্ট করার আবশ্যকতার জন্য এই ধরনের বিধানগুলি আরও সংশোধন করা হয়েছে। এই অনুচ্ছেদে থাকা কোনো কিছু কোনো ব্যক্তিকে তার সম্মতি ব্যতীত অথবা এধরনের সম্মতি প্রদানের জন্য আইনিভাবে অনুমোদনপ্রাপ্ত অন্য ব্যক্তির সম্মতি ব্যতীত টিকা প্রদান করার অনুমতি দিচ্ছে বলে গণ্য করা যাবে না।

আমার হাতে এবং প্রিভি সিল অফ দ্য স্টেট (Privy Seal of the State) প্র দ ত্ত এই সেপ্টেম্বরের নবম দিনে আলবানি সিটিতে দুই হাজার বাইশ সালে।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব